

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির এপ্রিল/২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আব্দুল্লাহ আল মাহফুজ
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ
তারিখঃ ৩০ এপ্রিল, ২০২৪; সময়ঃ সকাল- ১১ টা

সভার উপস্থিতি- পরিশিষ্ট “ক” তে সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সম্মানিত সদস্যগণের নিকট হতে মুক্ত আলোচনার আহ্বান জানান। সে প্রেক্ষিতে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সকলে মত প্রকাশ করেন।	উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মার্চ, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী দৃঢ়করণ করতে হবে।	সকল সদস্য

সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতিঃ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.০১ সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সোনারগাঁ জনাব নাসরিন সুলতানা জানান যে, সোনারগাঁ উপজেলায় বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রয়েছে। বাল্য বিবাহ, নারী ও শিশু নির্যাতনের কোন তথ্য পাওয়া গেলে সাথে সাথে বন্ধ করে দেয়া হয়। বাল্য বিবাহ বন্ধে সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।	বাল্য বিবাহ বন্ধে ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্য সহ সংশ্লিষ্ট সকলকে কার্যকরী ভূমিকা পালন করতে হবে এবং নিয়মিত নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার ২। চেয়ারম্যান সকল ইউপি
২.০২ (১) চেয়ারম্যান, মোগরাপাড়া ইউনিয়ন পরিষদ জনাব আরিফ মাসুদ বাবু বলেন যে, সারাদেশে তাপদাহের ফলে লোডসেডিং বৃদ্ধি পেয়েছে। শূক্রবারে জুমার নামাজের সময় যেন লোডসেডিং না হয় সেজন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ কে অনুরোধ জানান। এ বিষয়ে ডিজিএম, পল্লী বিদ্যুৎ বলেন যে, সারাদেশে তাপদাহের ফলে যে পরিমাণ বিদ্যুৎ বরাদ্দ পাওয়া যায় তার চেয়ে কয়েকগুন বেশী বিদ্যুৎ ব্যবহৃত হচ্ছে। ফলে বিদ্যুতের ঘাটতি দেখা দিচ্ছে। এই ঘাটতি পূরণ করার জন্য লোড সেডিং দেয়া হয়। (২) চেয়ারম্যান, মোগরাপাড়া ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ জনাব আরিফ মাসুদ বাবু আরও বলেন যে, সোনারগাঁয়ে পৌরসভাসহ ১০টি ইউনিয়ন পরিষদের এলাকায় ময়লা আবর্জনা ফেলার কোন নির্দিষ্ট জায়গা নাই। যার ফলে পৌরসভা ও আশেপাশের লোকজন মোগরাপাড়া চৌরাস্তার ব্রীজের নিচে মেনিখালী নদীতে ময়লা আবর্জনা ফেলছে। তিনি আরও বলেন যে, এই ময়লা আবর্জনার দুর্গন্ধে ব্রীজের নিচের দুইপাশ দিয়েই যাতায়াত করতে সমস্যা হচ্ছে এবং মেনিখালী নদীর পানি নষ্ট হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।	১/ শূক্রবার জুমার নামাজের সময় যেন বিদ্যুৎ সরবরাহ চলমান রাখতে হবে। ২/ প্রতিটি ইউনিয়নে ১টি করে খাস জমি নির্ধারণ করা হবে এবং উক্ত খাস জমি নির্ধারণের বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) কে পত্র প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ ২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ ৩। ডিজিএম, পল্লী বিদ্যুৎ, সোনারগাঁ ৪। চেয়ারম্যান সকল ইউপি
২.০৩ চেয়ারম্যান, কীচপুর ইউনিয়ন পরিষদ জনাব মোঃ মোশারফ হোসেন বলেন যে, সামনে উপজেলা পরিষদ নির্বাচন। কীচপুর ও সাদিপুর ইউনিয়নে রাতের বেলায় কিছু বহিরাগত লোক একসাথে ১০/১২ টি বাইক নিয়ে ঘোরাফেরা করে থাকে। এই নির্বাচনে বহিরাগত সন্ত্রাসীরা যেন সোনারগাঁয়ে এসে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে লক্ষ্য রাখতে হবে। এছাড়াও উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, সামনে ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন। এই নির্বাচন হবে অবাদ সুষ্ঠু ও নিরপেক্ষ। নির্বাচনকে কেন্দ্র করে কোন বিশৃঙ্খলাকে প্রশ্রয় দেয়া হবে না কঠোরভাবে প্রতিহত করা হবে।	৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন অবাদ, সুষ্ঠু ও নিরপেক্ষ করার লক্ষ্যে এবং সোনারগাঁয়ের আইন শৃঙ্খলা স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁ ২। সহকারী কমিশনার (ভূমি), সোনারগাঁ ৩। অফিসার ইনচার্জ সোনারগাঁ থানা

